

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১২১

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حناب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২, প্রথম অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

بَابُ مَا يَحِلُّ أَكْلُهُ وَمَا يَحْرُمُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ قَتَلَ وَزَغًا فِي أُولَّ ضَرْبَة كتبت لَهُ مِائَةُ حَسَنَةٍ وَفِي الثَّانِيَةِ دُونَ ذَلِكَ وَفِي الثَّالِثَة دون ذَلِك» . رَوَاهُ مُسلم

বাংলা

8১২১-[১৮] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি গিরগিটিকে প্রথম আঘাতে বধ করবে, তার জন্য ('আমলনামায়) একশত নেকি লিখা হবে। আর দ্বিতীয় আঘাতে মারলে (তার জন্য) তার চাইতে কম এবং তৃতীয় আঘাতে মারলে (তার জন্য) তা অপেক্ষা কম লিখা হবে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: সহীহ মুসলিম (৫৯৮৪)-৩৮, ইবনু মাজাহ ৩২২৯, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৯৭৮, সহীহুল জামি' ৬৪৬০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আল্লামা 'ইযুদ্দীন (রহিমাহল্লাহ) বলেনঃ প্রথম প্রহারে গিরগিটি হত্যার সাওয়াবের আধিক্যের কারণ হলো, হতে পারে প্রথম প্রহারে মারলে প্রাণীর প্রতি ইহসান করা হয়, বিধায় সাওয়াব বেশি। কেননা নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা প্রত্যেক বস্তুর প্রতি ইহসান ফর্য করেছেন, কাজেই যখন তোমরা হত্যা করবে তখন উত্তমরূপে হত্যা করবে। অথবা ভালো কাজ ক্রুত সমাধার জন্যও সাওয়াব বেশি হতে পারে। আল্লাহ তা'আলা বলেন, وَسَارِعُوا إِلَى مَغْفَرَةٍ مِّنْ رَبِّكُمْ (তামরা কল্যাণে অগ্রগামী হও"- (সূরাহ্ আ-লি 'ইমরান ৩ : ১৩৩)। আর এ উভ্য় কারণই সাপ কিংবা বিচ্ছুর ক্ষেত্রে অগ্রাধিকার্যোগ্য। কারণ উভ্য় প্রাণীর মধ্যে বিপর্যয়ের আধিক্য রয়েছে। ('আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৫২৫৪)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন